

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬১৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের রাতে যে কিয়ামুল লাইলের বর্ণনা দিলাম, সেসব রাকা'আতে কিয়াম সমান সমান করতেন

ذِكْرُ تَسْوِيَةِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْقِيَامِ فِي الرَّكَعَاتِ الَّتِي وَصَفْنَاهَا مِنْ قيامه بالليل

আরবী

2618 _ حَدَّقَنَا أَبُو يَعْلَى حَدَّقَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَجَّاجِ السَّامِيُّ قَالَ: حَدَّقَنَا وُهَيْبٌ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ طَاوس عَنْ عِكْرِمَةَ بْنِ خَالِدٍ عَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّهُ بَاتَ عِنْدَ خَالَتِهِ مَيْمُونَةَ فَقَامَ اللَّهِ بْنِ طَاوس عَنْ عِكْرِمَةَ بْنِ خَالِدٍ عَنِ اللَّيْلِ قَالَ: فَقُمْتُ فَتَوَضَّأْتُ ثُمَّ قُمْتُ عَنْ يَسَارِهِ النَّبِيُّ صَلِّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصِلِّي مِنَ اللَّيْلِ قَالَ: فَقُمْتُ فَتَوَضَّأْتُ ثُمَّ قُمْتُ عَنْ يَسَارِهِ فَجَرَّنِي حَتَّى أَقَامَنِي عَنْ يَمِينِهِ ثُمَّ صَلَّى ثلاث عشرة ركعة قيامه فيهن سواء. الراوي : ابْن عَبَّاسٍ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1261 خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: 1261 خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1237)، ((الإرواء)) (294): ق.

বাংলা

২৬১৮. আবুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি একবার তার খালা মাইমূনা রাদ্বিয়াল্লাহু আনহার বাড়িতে রাত্রি যাপন করেন। অতঃপর রাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতে দাঁড়িয়ে যান।" তিনি বলেন, "আমিও উঠে ওয়ু করে তারপর তাঁর বাম পাশে গিয়ে দাঁড়াই। তখন তিনি আমাকে টেনে তাঁর ডান পাশে দাঁড় করান। তারপর তিনি ১৩ রাকা'আত সালাত আদায় করেন।এতে তাঁর কিয়াম (দাঁড়ানো) ছিল প্রত্যেক রাকাতে সমান দীর্ঘ।"[1]

ফটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১২১-১২২; মুসান্নাফ আব্দুর রায্যাক: ৪৭০৮; মুসনাদ আহমাদ: ১/২৪২; সহীহ আল



বুখারী: ১৮৩; সহীহ মুসলিম: ৭৬৩; আবূ দাউদ: ১৩৬৭; নাসাঈ: ৩/২১০-২১১; শামাইলে তিরমিযী: ২৬২; ইবনু মাজাহ: ১৩৬৩; আবূ আওয়ানা: ২/৩১৫-৩১৬; তাবারানী: ১২১৯২; সুনান বাইহাকী: ৩/৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১২৩৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন